**পরিসংখ্যান বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়** **পরিসংখ্যান বিভাগ**
**ঢাকা**

**Website: www.bangladeshbank.org.bd**

**পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং -০১ /২০১১** **তারিখঃ ২২ ডিসেম্বর,২০১১**

**ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক**
**ও নন-ব্যাংক ডিপোজিটরী করপোরেশন**

**প্রিয় মহোদয়,**

**বিষয়ঃ পরিসংখ্যান বিভাগে দাখিলযোগ্য তথ্যাবলী Web portal এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের Enterprise Data Warehouse এ জানুয়ারী, ২০১২ মাসকে ভিত্তি হিসেবে ধরে রিপোর্ট করা প্রসংগে।**

বাংলাদেশ ব্যাংকে স্থাপিত Enterprise Data Warehouse (EDW) প্রকল্পটি বাস্তবায়নের কাজ চুড়ান্ত হওয়ার প্রেক্ষিতে অত্র বিভাগে ইতোপূর্বে রিপোর্টকৃত মাসিক, ত্রৈমাসিক ও ষান্মাসিক তথ্যাবলী জানুয়ারী, ২০১২ মাসকে ভিত্তি হিসেবে ধরে নির্ধারিত Rationalized Input Template এ তথ্যাবলী সন্নিবেশ করে Web portal এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের EDW তে সরবরাহ করতে হবে। এ সম্পর্কিত নিম্নবর্ণিত নির্দেশনাগুলো পরিপালনীয়:

১। Bank/NBDC সমূহ বর্তমানে প্রচলিত পদ্ধতি অনুযায়ী পূনরাদেশ না দেয়া পর্যন্ত অত্র বিভাগে প্রেরিতব্য তথ্যাবলীর Hard Copy ও Soft Copy (CD) পূর্বের মতই দাখিল করবে।

২। মাসিক, ত্রৈমাসিক ও ষান্মাসিক তথ্যাবলী সরবরাহের পূর্ব নির্ধারিত সময়সূচী (Scheduled date) পূর্ববৎ বহাল রাখতে হবে।

৩। জানুয়ারী, ২০১২ মাসকে ভিত্তি হিসেবে ধরে Rationalized Input Template **এর মাধ্যমে** নতুন পদ্ধতিতে রিপোর্টিং এর পাশাপাশি বর্তমানে প্রচলিত পদ্ধতির রিপোর্টিংও চালু রাখতে হবে ।

৪। জানুয়ারী, ২০১২ থেকে মাসিক, ত্রৈমাসিক ও ষান্মাসিক ভিত্তিতে Rationalized Input Template এর মাধ্যমে তথ্যাবলী নির্ভুল রিপোর্টিং এর নিমিত্তে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে প্রস্তুত করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ আব্দুল বারী)
ডেপুটি জেনারেল ম্যানেজার
মোবাইল: ০১৫৫৮৩৮৪৯৬৮
ফোন: ৯৫১২৯৯৩